যুগান্তর
5 MAY 2017
৬ ৪

ফলাফল বিশ্লেষণ

# পাসে এগিয়ে মেয়েরা : জিপিএ ৫-এ সমানে সমান

**যুগান্তর রিপোর্ট**

এসএসসি ও সমমান পরীক্ষার ফলাফলে সার্বিকভাবে এগিয়ে রয়েছে মেয়েরা। দশটি শিক্ষা বোর্ডে এবার ৮০ দশমিক ৭৮ শতাংশ ছাত্রী পাস করেছে। পক্ষান্তরে ছাত্র পাস করেছে ৭৯ দশমিক ৯৩ শতাংশ। পাসের হার বিবেচনায় ছেলেদের তুলনায় ০.৮৫ শতাংশ এগিয়ে মেয়েরা। এবার মাধ্যমিক ও সমমানের পরীক্ষায় ছাত্র-ছাত্রী মিলিয়ে ৮০ দশমিক ৩৫ শতাংশ শিক্ষার্থী পাস করেছে। যাদের মধ্যে জিপিএ-৫ পেয়েছে এক লাখ চার হাজার ৭৬১ জন। এ ক্ষেত্রে ছেলে ও মেয়েরা সমানে সমান। ছেলে ও মেয়েদের জিপিএ-৫ পাওয়ার হার ৫ দশমিক ৮৮ শতাংশ। দশটি বোর্ডের মধ্যে সাতটিতে মেয়েদের পাসের হার বেশি। তিনটি বোর্ডে ছেলেরা এগিয়ে রয়েছে। শনিবার প্রকাশিত দশ বোর্ডের ফলাফল বিশ্লেষণে এ তথ্য উঠে এসেছে।

এতে দেখা গেছে, এবার ১৭ লাখ ৯১ হাজার ৯৯৩ জন পরীক্ষার্থীর মধ্যে এসএসসি ও সমমান পরীক্ষায় অংশ নিয়েছে ১৭ লাখ ৮১ হাজার ৯৬২ জন। পরীক্ষায় অংশ নেয়াদের মধ্যে নয় লাখ ১০ হাজার ৩৭৩ ছাত্র এবং আট লাখ ৭১ হাজার ৫৮৯ ছাত্রী রয়েছে। এর মধ্যে সাত লাখ ২৭ হাজার ৬৮৮ জন ছাত্র ও সাত লাখ চার হাজার ৩৪ জন ছাত্রী পাস করেছে। সংখ্যার হিসাবে

■ পৃষ্ঠা ৭ : কলাম ৬

## পাসে এগিয়ে মেয়েরা

(৩য় পৃষ্ঠার পর)

ছেলেরা এগিয়ে থাকলেও সার্বিকভাবে পাসের হারে এগিয়ে মেয়েরা। তবে জিপিএ-৫ পাওয়ার ক্ষেত্রে ছেলে-মেয়ে কেউ কারও চেয়ে কম নয়। শতকরা হিসাবে ছেলে ও মেয়েরা সমান সমান ৫.৮৮ শতাংশ জিপিএ-৫ পেয়েছে। সংখ্যা হিসাবে ৫৩ হাজার ৪৮৮ জন ছাত্র ও ৫১ হাজার ২৭৩ জন ছাত্রী জিপিএ-৫ পেয়েছে। ছেলে ও মেয়ে মিলিয়ে এবার এক লাখ চার হাজার ৭৬১ জন জিপিএ-৫ পেয়েছে।

ফলাফলে আরও দেখা গেছে, যে সাতটি বোর্ডে মেয়েরা এগিয়ে রয়েছে, সেগুলো হচ্ছে ঢাকা, রাজশাহী, যশোর, চট্টগ্রাম, বরিশাল, দিনাজপুর ও কারিগরি বোর্ড। ঢাকা বোর্ডে মেয়েদের পাসের হার ৮৭ দশমিক ০৬ শতাংশ। পক্ষান্তরে ছেলেদের পাসের হার ৮৫ দশমিক ৭৩ শতাংশ। সার্বিকভাবে পাসের হার ৮৬ দশমিক ৩৯ শতাংশ। রাজশাহী বোর্ডে মেয়েদের পাসের হার ৯১ দশমিক ৪৪ শতাংশ ও ছেলেদের ৯০ দশমিক ০১। এ বোর্ডে মোট পাসের হার ৯০ দশমিক ৭০ শতাংশ। যশোর বোর্ডে মেয়েদের পাসের হার ৮২ দশমিক ১৪ শতাংশ ও ছেলেদের পাসের হার ৭৮ দশমিক ০১ শতাংশ। সার্বিক পাসের হার ৮০ দশমিক ০৪ শতাংশ। চট্টগ্রাম বোর্ডে ৮৪ শতাংশ মেয়ে ও ৮৩ দশমিক ৯৮ শতাংশ ছেলে পাস করেছে। সার্বিক পাসের হার ৮৩ দশমিক ৯৯ শতাংশ। বরিশাল বোর্ডে মেয়েদের পাসের হার ৭৯ দশমিক ৮২ শতাংশ ও ছেলেদের পাসের হার ৭৪ দশমিক ৭৩ শতাংশ। সার্বিক পাসের হার ৭৭ দশমিক ২৪ শতাংশ। দিনাজপুর বোর্ডে মেয়েদের পাসের হার ৮৫ দশমিক ৭৬ শতাংশ ও ছেলেদের পাসের হার ৮২ দশমিক ৩০ শতাংশ এবং কারিগরি বোর্ডে মেয়েদের পাসের হার ৮২ দশমিক ০৬ শতাংশ ও ছেলেদের ৭৭ দশমিক ৫৫ শতাংশ। সার্বিক পাসের হার ৭৯ দশমিক ৯৩ শতাংশ। তবে কুমিল্লা, সিলেট ও মাদ্রাসা বোর্ডে মেয়েদের তুলনায় ছেলেদের পাসের হার বেশি।